



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার-পরিচ্ছন্নতা অভিযান-২০২৩ এর উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৩০ নভেম্বর ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি (সেনা ও নৌ শাখা) ও রোভার স্কাউট গ্রুপের উদ্যোগে পরীক্ষার-পরিচ্ছন্নতা অভিযান-২০২৩ এর উদ্বোধন করা হয়েছে। ৩০ নভেম্বর সকাল ১০টায় এ কার্যক্রমের উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (র.দা.) অধ্যাপক ড. মো. বদরুজ্জামান ভূঁইয়া। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় বিএনসিসি ও রোভার স্কাউটের এধরনের উদ্যোগকে স্বাগত জানান। বিশ্ববিদ্যালয়কে পরিচ্ছন্ন রাখতে সকলের প্রতি আহবান জানিয়ে তিনি বলেন, একটি ক্যাম্পাসকে পরিচ্ছন্ন রাখতে সেখানকার সকলের সচেতনতা একান্ত প্রয়োজন। বিএনসিসি ও রোভার স্কাউটের এধরনের উদ্যোগ বিশ্ববিদ্যালয়ের সকলের মধ্যে সচেতনতা বৃদ্ধিতে সহায়ক হবে। বিশেষ করে নবাগত শিক্ষার্থীদের মধ্যে পরীক্ষার-পরিচ্ছন্নতার বিষয়ে আগ্রহ সৃষ্টি হবে। উপাচার্য মহোদয় আরও বলেন, আমাদের একটু সচেতনতাই পারে সমগ্র বাংলাদেশকে এটি পরিচ্ছন্ন দেশে পরিণত করতে। তিনি বলেন, পরিচ্ছন্ন হবো আমরা, পরিচ্ছন্ন হবে পুরো দেশ। এসময় উপস্থিত ছিলেন বিএনসিসির সেনা শাখার ২/লেফটেন্যান্ট ড. মোঃ আব্দুল বাতেন চৌধুরী, নৌ শাখার পি.ইউ.ও অসীম কুমার নন্দী, রোভার স্কাউট গ্রুপ সম্পাদক স্কাউট লিডার দিলআফরোজ খানম, স্কাউট লিডার মোঃ আরহাম সাঈদসহ অন্যান্যরা। এছাড়াও এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মনিরুল ইসলাম, পরিকল্পনা ও উন্নয়ন শাখার পরিচালক হুমায়ুন কবীরসহ বিএনসিসি ও রোভার স্কাউট গ্রুপের অন্যান্য ক্যাডেটগণ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৩-১১-৩০

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়